বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ০২২২৩৩৯৬৯৩১
E-mail: dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং: প্রক/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৩-২০২৪/৯২ তারিখ: ৩১.০৭.২০২৩খ্রি:

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয় ।
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়: ২০২২-২০২৩ অর্থবছর (কর বছর ২০২৩-২০২৪) এর বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী YFITS'এক্সেল ফরমেট' এ প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং: প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৮-২০১৯/৮৫(৬৩), তারিখ: ০৬.০৮.২০১৮ খ্রি:, পত্র নং: প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৩২, তারিখ: ১২.০৫.২০২০ খ্রি:, পত্র নং: প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৬৭(১২৫০), তারিখ: ১৪.০৬.২০২০ খ্রি:, হিসাব পরিপত্র নং: ০৬,তারিখ: ২৩.০৯.২০২০, পত্র নং: প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০২১-২০২২/৩১(১২৫০), তারিখ: ১৩.০৭.২০২১খ্রি: এবং পত্র নং: প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০২২-২০২৩/৪৫, তারিখ: ২০.০৭.২০২২ খ্রি: এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লিখিত বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছর (কর বছর ২০২৩-২০২৪) বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী এতদসংগে সংযুক্ত এক্সেল ফরমেট YFITS **(Yearly Final Income Tax Statement)** প্রস্তুত করে ১৫.০৮.২০২৩ খ্রি: তারিখের মধ্যে ই-মেইলে dgmaccounts1@krishibank.org.bd যোগে অত্র বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ ও কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

০৩। আয়করের চূড়ান্ত বিবরণীতে YFITS **(Yearly Final Income Tax Statement)** শুধুমাত্র করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর ২০২২-২০২৩ অর্থ বছরের তথ্য প্রেরণ করতে হবে।

০৪। আয়করের চূড়ান্ত বিবরণী YFITS **(Yearly Final Income Tax Statement)** দ্বৈততা পরিহার করার লক্ষ্যে একজন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী তাঁর বর্তমান কার্যালয়/শাখার মাধ্যমে তার তথ্য প্রেরণ করবেন। একাধিক কার্যালয়/শাখার মাধ্যমে আংশিকভাবে আয় করের তথ্য প্রেরণ করা যাবেনা। সে ক্ষেত্রে প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে ৩০শে জুন, ২০২৩ খ্রি: তারিখের কর্মস্থলের মাধ্যমে সম্পূর্ণ অর্থবছরের (২০২২-২০২৩) আয়করের তথ্য চূড়ান্ত প্রতিবেদনে অর্ন্তভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৫। চূড়ান্ত প্রতিবেদনের প্রতিটি কলাম অবশ্যই যথাযথভাবে পূরণ করতে হবে। চূড়ান্ত বিবরণী ২১ নং কলামে প্রদর্শিত অর্থ করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর স্ব স্ব নামে সরকারি কোষাগারে জমা হবে (বৈতনিক আয়কর কর্তন সাপেক্ষে) এবং YFITS **(Yearly Final Income Tax Statement)** জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট কর অঞ্চলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, YFITS **(Yearly Final Income Tax Statement)** কোন ঘর খালি রেখে বিবরণী প্রেরণ করা যাবে না। চূড়ান্ত বিবরণীর ২১ নং কলামে প্রদর্শিত প্রকৃত আয়করের অতিরিক্ত কর্তনকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তির আগামী অর্থবছরে তাঁর নিরূপিত আয়করের সাথে সমন্বয় হবে।

০৬। প্রতিটি শাখা সংযুক্ত এক্সেল ফরমেটে YFITS **(Yearly Final Income Tax Statement)** প্রস্তুত করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তার নিজ কার্যালয়, অঞ্চলাধীন সকল শাখা ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের বিবরণী একীভূতকরণ পূর্বক একটি বিবরণী অত্র বিভাগে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় তার নিজ কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আওতাধীন কর্পোরেট শাখাসমূহের বিবরণী একীভূতকরণ পূর্বক একটি বিবরণী অত্র বিভাগে প্রেরণ করবে। কোন অবস্থাতেই আলাদা আলাদা বিবরণী প্রেরণ করা যাবে না।

০৭। প্রধান কার্যালয়ের বিভাগসমূহ এবং স্থানীয় মুখ্য কার্যালয় তাদের করযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের তথ্য স্ব স্ব বিভাগ কর্তৃক পূরণ করে উল্লিখিত ই-মেইলে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৮। এতদবিষয়ে প্রয়োজনে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব নাজমুল হুদা এর সাথে (মোবাইল: ০১৯১১৫৫৮৯১৭) যোগাযোগ করা যেতে পারে।

০৯। বিষয়টি জরুরী।

আপনার বিশ্বস্ত,
৩১.০৭.২০২৩
খান তামজিদ আহমেদ
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

নং: প্রক/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৩-২০২৪/৯২ তারিখ: ঐ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:**

১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পর্ষদ সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১,২,ও ৩ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব বিকেবি, প্রকা, ঢাকা। **পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা কে অনুরোধ করা হলো।**
৬। নথি/মহানথি।

৩১-০৭-২০২৩
আরিফুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক